

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০৪

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬১. সূরা 'ছোয়াদ' (১০) এর সাজদা

بَابِ السُّجُودِ فِي ص

## আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي خَالِدٌ يَعْنِي ابْنَ يَزِيدَ عَنْ سَعِيدٍ يَعْنِي ابْنَ الْبَي الْبَيْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا فَقَرَأً صَ فَلَمَّا مَرَّ بِالسَّجْدَةِ نَزَلَ فَسَجَدَ وَسَجَدْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا فَقَرَأً صَ فَلَمَّا مَرَّ بِالسَّجْدَةِ نَزَلَ فَسَجَدَ وَسَجَدْنَا مَعَهُ وَقَرَأَهَا مَرَّةً أُخْرَى فَلَمَّا بَلَغَ السَّجْدَةَ تَيَسَّرْنَا لِلسُّجُودِ فَلَمَّا رَآنَا قَالَ إِنَّمَا هِيَ تَوْبَةُ نَبِي وَلَكِنِي أَرَاكُمْ قَدْ اسْتَعْدَدْتُمْ لِلسُّجُودِ فَنَزَلَ فَسَجَدَ وَسَجَدْنَا

## বাংলা

১৫০৪. আবী সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, 'একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের উদ্দেশ্যে খুতবা দিলেন, তখন তিনি (সুরা) ['ছোয়াদ' (عرر)] পাঠ করলেন, অতঃপর যখন তিনি সিজদা (এর আয়াত) অতিক্রম করলেন, তখন তিনি (মিম্বার থেকে) অবতরণ করে সাজদায় পতিত হলেন, আমরাও তাঁর সাথে সাজদা করলাম। আবার আরেকবার তিনি এ সূরা পাঠ করার সময় যখন সাজদা (এর আয়াতে) পৌঁছলেন, তখন আমরা সাজদা করার জন্য প্রস্তুতি নিলাম। এরপর তিনি যখন আমাদেরকে (প্রস্তুতি নিতে) দেখলেন, তখন তিনি বললেন: "নিশ্চয় এটি নবীর জন্য তওবা স্বরূপ, কিন্তু, তোমারাও দেখছি সিজদার জন্য প্রস্তুত হয়ে গেছো।" (এ বলে) তিনি (মিম্বার হতে) অবতরণ করলেন এবং সিজদা করলেন, আর আমরাও সাজদা করলাম।'[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ আব্দুল্লাহ ইবনু সালিহ-এর জন্য। তবে এর 'মুতাবিয়াত' (অনসরণকারী) বর্ণনা রয়েছে যা একে সহীহ পর্যায়ে উন্নীত করে।

তাখরীজ: আমরা এর তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ২৭৬৫, ২৭৯৯ ও মাওয়ারিদুয যাম'আন নং ৬৮৯, ৬৯০ তে। (আবু দাউদ ১৪১০; সহীহ ইবনু খুযাইমা২/৩৫৪ নং ১৪৫৫; দারুকুতনী ১/৪০৮ নং ৭; হাকিম



১/২৮৪-২৮৫, হাকিম একে সহীহ বলেছেন ও যাহাবী তা সমর্থন করেছেন।; বাইহাকী (সালাত) ২/৩১৮; ইমাম নববী তার আল মাজমু' ৪/৬১ তে একে 'বুখারীর শর্তানুযায়ী সহীহ' বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন